গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
www.sid.gov.bd

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট ২০২১ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময় : ১৪ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ, সময়ঃ বিকাল: ৩.০০ ঘটিকা
সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর সম্মেলন কক্ষ, ব্লক-২, লেবেল-১০
সভার সভাপতি : মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভার উপস্থিতি : সংযোজনী-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মুহম্মদ মেসবাহুল আলম বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং সদস্যগণের কোন প্রকার পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। এ পর্যায়ে তিনি উন্নয়ন-৩ অধিশাখার উপসচিব বেগম জেসমীন আকতারকে পাওয়ার পয়েন্টের মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি উপস্থাপন করতে বলেন।

২। উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা) সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে এডিপিভুক্ত ১১টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৮৮৭৮৭.৩৯ (দুই হাজার আটশত সাতাশি কোটি সাতাশি লক্ষ উনচল্লিশ হাজার) লক্ষ টাকা, এডিপিতে বরাদ্দ ১৪২১২৩.০০ (এক হাজার চারশত একুশ কোটি তেইশ লক্ষ) লক্ষ টাকা এবং এ অর্থবছরের আগস্ট পর্যন্ত ব্যয় ১ কোটি ২০ লক্ষ ৫৩ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে আগস্ট ২০২১ পর্যন্ত আর্থিক অগ্রগতি ০.০৮%।

৩। অর্থ বছরের ২ মাস সময় অতিক্রান্ত হলেও আর্থিক অগ্রগতি ০.০৮% হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। অর্থবছরের কোন মাসে কী ব্যয় হবে তার কোন পরিকল্পনা করা হয় কি না সভাপতির এরূপ জিজ্ঞাসার জবাবে প্রকল্প পরিচালকগণ জানান যে, মাস ভিত্তিক কোন ব্যয় পরিকল্পনা করা হয় না। তৎপ্রেক্ষিতে সভাপতি ২০২১-২০২২ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী মাসভিত্তিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করতে নির্দেশ প্রদান করেন।

অতঃপর সভায় প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প**<br><br>মেয়াদঃ জুলাই ২০১৯- জুন ২০২৪ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ১৫৭৫ কোটি ৬৮ লক্ষ ২ হাজার টাকা। (জিওবি) লক্ষ টাকা।<br><br>প্রকল্প পরিচালক: জনাব কবির উদ্দিন আহাম্মদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ১২৯৯ কোটি ২১ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩২৪ কোটি ৮০ লক্ষ ২৫ হাজার টাকা। আগস্ট ২০২১ পর্যন্ত ব্যয় ৩৮ লক্ষ ৫ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০৩%।<br><br>ক) সভাপতি জনশুমারির মূল প্রশ্নপত্রে খানা প্রধানের NID নম্বর এবং প্রতিবন্ধী ব্যক্তির শ্রেণিভিত্তিক প্রতিবন্ধিতার ধরণ সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত করা যায় কিনা জানতে চান। এছাড়া অর্থনৈতিক কর্মকান্ড সম্পাদিত হয় এমন খানার তালিকা করা গেলে আসন্ন অর্থনৈতিক শুমারিতে অর্থনৈতিক খানা লিস্টিং | ক) জনশুমারির মূল প্রশ্নপত্রের মাধ্যমে খানার প্রতিবন্ধী ব্যক্তির শ্রেণিভিত্তিক প্রতিবন্ধিতার ধরণ সম্পর্কিত তথ্য এবং অর্থনৈতিক কর্মকান্ড সম্পাদিত হয় এমন খানার তথ্য সংগ্রহের ব্যবস্থা করতে হবে। এছাড়া খানা প্রধানের NID নম্বর অন্তর্ভুক্তির বিষয়টি | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | কার্যক্রম করার প্রয়োজন হবে না মর্মে মত প্রকাশ করেন। সভায় উপস্থিত সংশ্লিষ্টরা প্রতিবন্ধিতার ধরণ এবং অর্থনৈতিক খানার তথ্য আনা গেলেও খানা প্রধানের NID নম্বর আনার বিষয়টি যাচাই করে দেখতে হবে মর্মে মত প্রকাশ করেন।<br><br>উপপ্রকল্প পরিচালক সভায় জানান,<br>খ) ২৮-২৯ আগস্ট ২০২১ তারিখে দেশব্যাপী নির্ধারিত স্পটসমূহে মূল শুমারি প্রশ্নপত্রের প্রি-টেস্টিং কার্যক্রম পরিচালিত হয়েছে। প্রি-টেস্টিং কাজের বিল পরিশোধ হলে প্রকল্পের আর্থিক অগ্রগতি বৃদ্ধি পাবে।<br><br>গ) প্রকল্পের মূল শুমারির তারিখ পুন:নির্ধারণের জন্য যৌক্তিকতাসহ সার-সংক্ষেপ প্রেরণের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। | যাচাই করে দেখতে হবে।<br><br>খ) মূল শুমারির পাইলট শুমারি পরিচালনার প্রস্তুতিসহ প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br><br>গ) ট্যাবলেট ক্রয় কার্যক্রমের সাথে সমন্বয় করে মূল শুমারির তারিখ পুনর্নির্ধারণ করতে হবে। | |
| ২ | **স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন অ্যান্ড ডেভলপমেন্ট প্রকল্প (Stat4Dev)**<br><br>মেয়াদঃ জানুয়ারি ২০১৭-ডিসেম্বর ২০২১ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৭ কোটি ৩২ লক্ষ ৬৬ হাজার টাকা। জিওবি: ২ কোটি ৩৩ লক্ষ ১ হাজার টাকা,<br>প্রকল্প সাহায্য: ৪ কোটি ৯৯ লক্ষ ৬৫ হাজার টাকা।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মোঃ আক্তার হোসেন, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৬১ লক্ষ (জিওবি: ১৮ লক্ষ, প্র.সা. ৪৩ লক্ষ) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৪ লক্ষ ৫০ হাজার টাকা। আগস্ট ২০২১ পর্যন্ত ব্যয় ৩ লক্ষ ৪৬ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৫.৬৭%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) প্রকল্পের অসমাপ্ত কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে এবং তদানুযায়ী কার্যক্রম চলমান রয়েছে।<br><br>খ) BGISP সংশ্লিষ্ট সকল সংস্থা প্রধানের নিকট স্ব স্ব প্রতিষ্ঠানের Writeup, Data এবং Metadata চেয়ে পত্র দেওয়া হয়েছে। BGISP এর ব্যবহার সংক্রান্ত গাইড লাইন চূড়ান্তকরণের লক্ষ্যে এ সংক্রান্ত গঠিত গাইডলাইন সাবকমিটি বরাবর প্রয়োজনীয় ডকুমেন্ট পাঠানো হয়েছে। সাবকমিটির মাধ্যমে চূড়ান্তকৃত গাইডলাইন পাওয়ার পর মূল কমিটির সভা আহবান করা হবে। | ক) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>খ) BGISP ব্যবহার সংক্রান্ত গাইডলাইন দ্রুত চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br><br>মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২), SID ও প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩ | **National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রকল্প।**<br><br>প্রকল্প মেয়াদঃ মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ১৩৪ কোটি ২ লক্ষ টাকা।<br>জিওবি : ১৪ কোটি ২ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য: ১২০ কোটি টাকা।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মো. দিলদার হোসেন, উপসচিব, SID। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৩৪ কোটি ৭০ লক্ষ টাকা (জিওবি ৪ কোটি ৫০ লক্ষ, প্রকল্প সাহায্য ৩০ কোটি ২০ লক্ষ) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ১২ লক্ষ ৫০ হাজার টাকা (জিওবি)। আগস্ট ২০২১ পর্যন্ত ব্যয় ৫৭ লক্ষ ২৮ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১.৬৫%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) 'মৌলিক কৃষি পরিসংখ্যান বিষয়ক' রাজশাহী বিভাগের স্থগিতকৃত প্রশিক্ষণের ২য় পর্ব ১৬-১৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে স্বাস্থ্যবিধি যথাযথভাবে পরিপালনপূর্বক পরিচালনা করা হবে। Quantum Index of Industrial Production (QIIP) এবং Producer Price Index (PPI) সংক্রান্ত একটি প্রশিক্ষণ ২০-২২ সেপ্টেম্বর ২০২১ তারিখে বিবিএস সদর দপ্তরে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে সদর দপ্তর ও মাঠ পর্যায়ের প্রায় ৭০ (সত্তর) জন কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করবেন। প্রশিক্ষণটি ন্যাশনাল একাউন্টিং উইং (মূল্য ও মজুরি) এর সার্বিক কারিগরি সহযোগিতায় যথাযথ স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হবে।<br><br>খ) বিদ্যমান TAPP এর আলোকে HIES প্রকল্পে প্রশিক্ষণের সহায়তা করার সুযোগ রয়েছে। কিন্তু তথ্য সংগ্রহের নিমিত্ত CAPI সফটওয়ার প্রদানের সুযোগ নাই। বিষয়টি বিশ্ব ব্যাংকের সাথে আলোচনা হয়েছে এবং বিশ্ব ব্যাংককে অনুরোধ করা হয়েছে যেন CAPI সফটওয়ার তৈরির জন্য HIES প্রকল্পকে সরাসরি সহায়তা করে। | ক) স্বাস্থ্যবিধি যথাযথভাবে পরিপালনপূর্বক প্রকল্পের সকল প্রশিক্ষণ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>খ) HIES প্রকল্পের তথ্য সংগ্রহের নিমিত্ত CAPI সফটওয়ার তৈরির জন্য HIES প্রকল্প বিশ্ব ব্যাংকের নিকট থেকে সরাসরি সহায়তা নেয়ার ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে NSDS প্রকল্প এক্ষেত্রে সহযোগিতা করবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা) SID<br><br>এবং প্রকল্প পরিচালক |
| ৪ | ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্প।<br>প্রকল্পের মেয়াদঃ জুলাই ২০১৩ - ডিসেম্বর ২০২২ | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ১৯ কোটি ৫৫ লক্ষ (জিওবি: ১ কোটি ৯৭ লক্ষ, প্র.সা. ১৭ কোটি ৫৮ লক্ষ) টাকা। কোন | | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৭২৭ কোটি ৩৫ লক্ষ টাকা<br>জিওবি: ৪০ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার টাকা<br>প্রকল্প সাহায্য: ৬৮৬ কোটি ৮০ লক্ষ ৪৮ হাজার টাকা।<br><br>প্রকল্প পরিচালক : জনাব কাজী তোফায়েল হোসেন (উপসচিব)। | অর্থ ছাড় বা ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) NHD-MIS Development এর কাজ দ্রুত সম্পন্নের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের SMoDMRPA প্রকল্প এবং Synergy International এর সংশ্লিষ্টদের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে। এ সংক্রান্ত সমস্যা দূরীকরণের বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে।<br><br>খ) এনএইচডি প্রকল্পে বর্তমানে একজন Financial Management Specialist এবং একজন System Engineer কনসালটেন্ট হিসেবে কর্মরত আছেন। উল্লেখ্য, সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে সম্পাদিত ঋণ চুক্তিতে Financial Management Specialist এবং Procurement Specialist পদ দুটি Mandatory post হিসেবে উল্লেখ রয়েছে। এনএইচডি প্রকল্পের ডাটাবেইজটির ব্যবস্থাপনার জন্য NHD-MIS Development এর কাজ চলমান রয়েছে। উক্ত কাজটি দ্রুত ও নিখুঁতভাবে সম্পন্ন করার জন্য System Engineer এর পাশাপাশি একজন Database Management Specialist নিয়োগ করা প্রয়োজন। | ক) NHD-MIS Development সংক্রান্ত সমস্যা দূরীকরণের বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br><br>খ) কনসালটেন্ট নিয়োগের ক্ষেত্রে যৌক্তিকতা এবং অনুমোদিত TAPP তে সংস্থান থাকতে হবে। | বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা), SID ও প্রকল্প পরিচালক |
| ৫ | হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে ২০২০-২১ প্রকল্প<br>প্রকল্প মেয়াদঃ জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ১২ কোটি ৩২ লক্ষ ৭ হাজার টাকা | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৭ কোটি ৮২ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। কোন অর্থ ছাড় বা ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) CAPI সফটওয়ার প্রস্তুতের বিষয়ে বিশ্ব ব্যাংক ও NSDS | ক) প্রশ্নপত্র ও CAPI প্রস্তুত চূড়ান্ত করে দ্রুত মূল জরিপ শুরু | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: ড. দিপংকর রায়, উপসচিব, SID। | প্রকল্পের সাথে আলোচনা হয়েছে। এ জরিপে পূর্বে CAFÉ ব্যবহৃত হয়েছে, এবার প্রথম বারের মত CAPI ব্যবহার করা হবে।<br><br>খ) জরিপের স্যামপ্লিংয়ের ক্ষেত্রে জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ২য় জোনাল অপারেশনের ডাটা ও কার্টোগ্রাফি ব্যবহার করে স্যামপ্লিং প্রস্তুতপূর্বক নমুনা চয়ন করা হবে। | করতে হবে।<br><br>খ) স্যামপ্লিং জরিপ দ্রুত পরিচালনাসহ প্রশ্নপত্র চূড়ান্ত করতে হবে এবং কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পাদনের মাধ্যমে প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | ও প্রকল্প পরিচালক |
| ৬ | **কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প।**<br><br>প্রকল্পের মেয়াদঃ মে ২০১৭ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৩৬১ কোটি ৬৯ লক্ষ ৬ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব আলাউদ্দিন আল আজাদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৪৪ কোটি ৫২ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১০ কোটি ৫২ লক্ষ টাকা। আগস্ট ২০২১ পর্যন্ত ব্যয় ৯ লক্ষ ৭৮ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.২২%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) ডাটা ক্যাপচারিং ও স্ক্যানিংয়ের কার্যক্রমে নিয়োজিত ফার্মের জন্য চলতি অর্থবছরে ২৩ কোটি টাকা বরাদ্দ রয়েছে। তাছাড়া প্রকল্পের জন্য কাগজ কলমসহ স্টেশনারি মালামাল ক্রয় করতে হবে।<br><br>খ) কৃষি নমুনা শুমারি-২০২০ এর ডাটা এন্ট্রির কাজ চলমান রয়েছে। | ক) ডাটা ক্যাপচারিং ও স্ক্যানিংসহ কর্মপরিকল্পনা অনুযায়ী অন্যান্য সকল কার্যক্রম সম্পাদনের মাধ্যমে প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি বৃদ্ধি করতে হবে। অপ্রয়োজনীয় ব্যয় করা থেকে বিরত থাকতে হবে।<br><br>খ) কৃষি নমুনা শুমারি-২০২০ এর ডাটা এন্ট্রি কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |
| ৭ | **Improvement of GDP Compilation and Rebasing of Indices Project।**<br><br>প্রকল্পের মেয়াদঃ মার্চ ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৯ কোটি ৮৬ লক্ষ ৪৮ হাজার টাকা। (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক :<br>জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া, পরিচালক, | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৩ কোটি ১৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। কোন অর্থ ছাড় বা ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br><br>ক) প্রকল্পের সংশোধিত ডিপিপি ০৭/০৯/২০২১ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হওয়ায় ১২/০৯/২০২১ তারিখে আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ হতে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রশাসনিক আদেশ জারি হলে কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করা করা হবে। | ক) সংশোধিত ডিপিপি'র প্রশাসনিক আদেশ প্রাপ্তির পর কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে আর্থিক ও বাস্তব অগ্রগতি নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | বিবিএস। | খ) Survey on Distributive Trade and Marketed part of Agricultural Product জরিপের Distributive Trade অংশের রিপোর্ট পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক অনুমোদন পাওয়া গিয়েছে। শীঘ্রই মুদ্রণের জন্য প্রেরণ করা হবে।<br><br>গ) Survey on Cold Storage and Warehouse Activity জরিপের খসড়া রিপোর্ট বাংলা ও ইংরেজি উভয় ভাষায় প্রস্তুত করা হয়েছে। খসড়া রিপোর্টের যাচাই-বাছাই চলছে, শীঘ্রই বিবিএস এর এডিটর'স ফোরামে অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। | খ) Survey on Distributive Trade and Marketed part of Agricultural Product জরিপের Distributive Trade অংশের রিপোর্ট দুত আনুষ্ঠানিকভাবে প্রকাশ করতে হবে।<br><br>গ) Survey on Cold Storage and Warehouse Activity জরিপের রিপোর্ট দুত চূড়ান্ত করতে হবে। | |
| ৮ | পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প<br><br>মেয়াদ: জুলাই ২০১৯ – জুন ২০২৩ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৩৬ কোটি ৬ লক্ষ ৭৪ হাজার টাকা। (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক:<br>জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৬ কোটি ৪৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৬১ লক্ষ ২৫ হাজার টাকা। আগস্ট ২০২১ পর্যন্ত ব্যয় ৯ লক্ষ ৬ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১.৪০%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br><br>ক) ইতোমধ্যে সম্পাদিত কাজের বিল দাখিল করা হয়েছে, এটি পরিশোধ করা হলে আর্থিক অগ্রগতি বৃদ্ধি পাবে।<br><br>খ) পরামর্শমূলক কর্মশালার মাধ্যমে শীঘ্রই ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভে ও এনভায়রনমেন্টাল প্রোটেকশন এক্সপেন্ডিচার সার্ভে এর প্রশ্নপত্র চূড়ান্ত করা হবে।<br><br>গ) বাংলাদেশ ডিজাস্টার রিলেটেড স্ট্যাটিসটিক্স ২০২০ এর সংগৃহীত তথ্যের ডাটা প্রসেসিং ও এনালাইসিস কার্যক্রমসহ অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রম চলমান রয়েছে। এ কাজের বিল পরিশোধিত হলেও প্রকল্পের আর্থিক অগ্রগতি বৃদ্ধি পাবে। | ক) মাস ভিত্তিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়নে আন্তরিকতার সাথে কাজ করতে হবে।<br><br>খ) ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভে ও এনভায়রনমেন্টাল প্রোটেকশন এক্সপেন্ডিচার সার্ভে এর প্রশ্নপত্র দুত চূড়ান্ত করতে হবে।<br><br>গ) বাংলাদেশ ডিজাস্টার রিলেটেড স্ট্যাটিসটিক্স ২০২০ এর সংগৃহীত তথ্যের ডাটা প্রসেসিং ও এনালাইসিস কার্যক্রম দুত সম্পাদন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৯ | জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প।<br><br>মেয়াদঃ ০১ জুলাই ২০১৯ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৪ কোটি ৯৫ লক্ষ টাকা। (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক: জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ১ কোটি ৩ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২৫ লক্ষ ৭৫ হাজার টাকা। আগস্ট ২০২১ পর্যন্ত ব্যয় ১ লক্ষ ৪০ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১.৩৬%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের পর্যবেক্ষণ ও নির্দেশনা অনুযায়ী DPP পুনরায় সংশোধন করে ১১/০৯/২০২১ তারিখে SID-তে প্রেরণ করা হয়েছে। ২৩ সেপ্টেম্বর থেকে প্রশিক্ষণ শুরু হবে, প্রশিক্ষণ শেষে মূল জরিপের কাজ শুরু হলে আর্থিক অগ্রগতি বৃদ্ধি পাবে। | ক) সংশোধিত DPP অনুমোদনের জন্য পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের দপ্তরে প্রেরণ করতে হবে। অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী মাসিক ব্যয় পরিকল্পনা প্রণয়নপূর্বক কার্যক্রম সম্পাদনের মাধ্যমে আর্থিক ও বাস্তব অগ্রগতি নিশ্চিত করতে প্রকল্প পরিচালক আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং প্রকল্প পরিচালক |
| ১০ | শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প<br><br>প্রকল্প মেয়াদঃ জুলাই ২০২০ হতে জুন ২০২৪ পর্যন্ত<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ১৪ কোটি ৩৬ হাজার টাকা (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক: বেগম আজিজা রহমান, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৪ কোটি ১৯ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৪ লক্ষ ৭৫ হাজার টাকা। আগস্ট ২০২১ পর্যন্ত ব্যয় ১ লক্ষ ৫০ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.৩৬%।<br><br>ক) সভাপতি চলমান জরিপের মাধ্যমে আইসিটি/ফ্রি লেন্সার সংশ্লিষ্ট শ্রম বাজার ও এই সংক্রান্ত প্রশিক্ষণ খাতের তথ্য আনার প্রয়োজনীয়তা তুলে ধরেন। তৎপ্রেক্ষিতে এই সেক্টরের সামগ্রিক চিত্র কীভাবে আনা যায় তা সভায় আলোচনা করা হয়।<br><br>খ) বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক নমুনায়ন প্রণয়নের লক্ষ্যে স্যাম্পলিং প্যানেল গঠন করা হয়েছে এবং একাধিক মিটিং এর মাধ্যমে স্যাম্পলিং খসড়া করা হয়েছে। শীঘ্রই পিআইসি এবং স্টিয়ারিং কমিটির সভায় অনুমোদনের জন্য উপস্থাপনা করা হবে। খানা তালিকা প্রশ্নপত্র এবং ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে এবং প্রি-টেস্ট করা হয়েছে। CAPI প্রোগ্রাম প্রস্তুত করা হয়েছে। খসড়া | ক) আইসিটি/ফ্রি লেন্সার সংশ্লিষ্ট শ্রম বাজার ও এই সংক্রান্ত প্রশিক্ষণ খাতের সামগ্রিক চিত্র জরিপের মাধ্যমে আনতে হবে, সে অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।<br><br>খ) কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় রেখে মাঠ পর্যায়ের কাজের জন্য নিবিড় কর্মপরিকল্পনা করত সে অনুযায়ী কার্যক্রম সম্পাদনের সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | প্রশ্নপত্র প্রস্তুত করা হয়েছে। মাঠ পর্যায়ে ০২ মাস ব্যাপী লিস্টিং কার্যক্রম অক্টোবর হতে শুরু করার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ১১ | **টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্প**<br>প্রকল্প মেয়াদঃ জানুয়ারি ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়ঃ ৪ কোটি ৬০ লাখ টাকা (জিওবি)<br>প্রকল্প পরিচালক: বেগম রেশমা জেসমিন, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে কোন বরাদ্দ নেই।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) প্রকল্পটি ১৯/০৭/২০২১ তারিখে বরাদ্দহীনভাবে অনুমোদন হয় ও ২৭/০৭/২০২১ তারিখে প্রশাসনিক আদেশ জারি হয়। ১২/০৯/২০২১ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের থোক বরাদ্দ হতে অর্থ বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পের মেয়াদ জানুয়ারি ২০২১ হতে জুন ২০২২, প্রকল্পটির কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের জন্য প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হবে। | ক) অর্থ বরাদ্দ প্রাপ্তির জন্য পরিকল্পনা কমিশনে যোগাযোগ করতে হবে। সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক দেখতে হবে প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পাদনে কত সময় প্রয়োজন, সে অনুযায়ী যৌক্তিকতাসহ প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য যথাসময়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

৫। ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি পুস্তিকায় অন্তর্ভুক্ত ও পুস্তিকা বহির্ভূত বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহঃ

| ক্রঃ নঃ | প্রকল্পের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | **খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান- প্রকল্প ২০১৯**<br>প্রস্তাবিত মেয়াদঃ জুলাই ২০১৯- জুন ২০২১ পর্যন্ত<br>প্রস্তাবিত ব্যয়: ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা।<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব মোঃ আব্দুল হালিম, উপপরিচালক, বিবিএস। | প্রকল্প অনুমোদনের অগ্রগতি জানতে চেয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে ০১/০৯/২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে ৫ম তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। | প্রকল্পটি অনুমোদনের বিষয়ে সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যহত রাখবেন। | মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID, সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |
| ২ | **Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প**<br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২০ - জুন ২০২২ পর্যন্ত।<br>প্রস্তাবিত ব্যয়: ৪ কোটি ৯৮ লক্ষ ৬০ হাজার টাকা।<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব কবীর উদ্দিন আহাম্মদ, পরিচালক, বিবিএস । | বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির সিদ্ধান্তের আলোকে সংশোধিত ডিপিপি ১৩/০৯/২০২১ তারিখে বিবিএস হতে এ বিভাগে পাওয়া গেছে। প্রকল্প অনুমোদনের সার-সংক্ষেপ শীঘ্রই পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। | প্রকল্প অনুমোদনের সার-সংক্ষেপ মাননীয় পরিকল্পনা মন্ত্রীর নিকট দ্রুত প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID, এবং সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |
| ৩ | **স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প**<br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২১-জুন | ০২/০৬/২০২১ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রস্তাবিত প্রকল্পটির ডিপিপি যাচাই-বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার | প্রকল্পের ডিপিপি দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস এবং |

| | | | | |
|---|---|---|---|---|
| | ২০২৩ পর্যন্ত<br>প্রস্তাবিত ব্যয়: ৩৯ কোটি ৮১ লক্ষ ৯৪ হাজার টাকা<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব এ কে এম আশরাফুল হক, পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি ২৯/০৮/২০২১খ্রি. তারিখে SID তে পাওয়া যায়। নীতিগত অনুমোদনের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী বরাবর প্রকল্পটির সারসংক্ষেপ প্রেরণের জন্য নথি উপস্থাপনা করা হয়েছে। | | সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID |
| ৪ | অর্থনৈতিক শুমারি ২০২৩<br>প্রস্তাবিত মেয়াদ: জানুয়ারি ২০২২-ডিসেম্বর ২০২৬ পর্যন্ত<br>প্রস্তাবিত ব্যয়: ৯৪০ কোটি ১১ লক্ষ ৭৩ হাজার টাকা<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | ০২/০৮/২০২১ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক "অর্থনৈতিক শুমারি-২০২৩" শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ডিপিপি এ বিভাগে পাওয়া গেছে। এর পরিপ্রেক্ষিতে ২৬/০৮/২০২১ ও ০৯/০৯/২০২১ তারিখে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মহোদয়ের সভাপতিত্বে প্রস্তাবিত প্রকল্পটির ডিপিপি যাচাই-বাছাই কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। ডিপিপি যাচাই-বাছাই কার্যক্রম অব্যাহত রয়েছে। | অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের প্রস্তাবিত ডিপিপি'র উপর যাচাই বাছাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস এবং সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

৬.০। বিবিধ:

| ক্রঃ নঃ | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | ২০২০-২০২১ অর্থবছরে সমাপ্তকৃত চারটি প্রকল্পের নিরীক্ষা কার্যক্রম সম্পাদন এবং **Project Completion Report (PCR)** দাখিল সংক্রান্ত। | ২০২০-২০২১ অর্থবছরে (১) জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধনকরণ তথ্যের সাথে মৌলিক জনতাত্ত্বিক পরিসংখ্যান (ভাইটাল স্ট্যাটিস্টিকস) উৎপাদন এর সংযোগ সৃষ্টিকরণ প্রকল্প<br>(২) মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস অব বাংলাদেশ (এমএসভিএসবি) (৩য় পর্যায়) প্রকল্প<br>(৩) মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রকল্প<br>(৪) সার্ভেস এন্ড স্ট্যাডিস রিলেটিং টু জিডিপি রিবেজিং ২০১৫-১৬ প্রকল্প-এই চারটি প্রকল্প সমাপ্ত হয়। সমাপ্তকৃত চারটি প্রকল্পের নিরীক্ষা কার্যক্রম সম্পাদন এবং Project Completion Report (PCR) দাখিল করা প্রয়োজন। | ২০২০-২০২১ অর্থবছরে সমাপ্তকৃত চারটি প্রকল্পের নিরীক্ষা কার্যক্রম সম্পাদন এবং Project Completion Report (PCR) দ্রুত দাখিল করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID<br>মহাপরিচালক, বিবিএস<br>ও<br>উপসচিব (উন্নয়ন-১), SID<br>এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান। সময়াবদ্ধ কর্মপরিকল্পনা, ব্যয় পরিকল্পনা অনুসরণপূর্বক সুষ্ঠুভাবে কার্যক্রম বাস্তবায়ন করে প্রকল্পের কাঙ্খিত আর্থিক ও বাস্তব অগ্রগতি সাধনে সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব সহকারে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মুহাম্মদ ইয়ামিন চৌধুরী)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং- ৫২.০০.০০০০.০২০.০৬.০০১.২০(খন্ড-১)-৪৯

০৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
তারিখঃ ---------------------------
১৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪। মহাপরিচালক, সেক্টর-৮, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ব্লক # ১৭, পরিকল্পনা কমিশন চত্বর, ঢাকা।
০৫। যুগ্মপ্রধান, শিক্ষা ও সামাজিক সেক্টর, জনসংখ্যা ও পরিকল্পনা উইং/স্বাস্থ্য উইং/স্কাইসোয়াম/পাট ও বস্ত্র উইং, শিল্প ও শক্তি বিভাগ/ফসল উইং, কৃষি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
০৬। উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা/এসডিজি সেল/উন্নয়ন-২ অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৭। সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৮। পরিচালক, সেন্সাস উইং/কৃষি উইং/জাতীয় হিসাব উইং/ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং/ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং/কম্পিউটার উইং/স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট/এফএ এন্ড এমআইএস উইং/ন্যাশনাল একাউন্টিং উইং/প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল, বিবিএস।
০৯। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, ষ্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট (Stat4Dev) প্রকল্প, বিবিএস, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রকল্প, বিবিএস, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক, ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (NHD) প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা ।
১৩। প্রকল্প পরিচালক, হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপিন্ডিচার সার্ভে ২০২০-২১ প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক, Improvement of GDP Compilation and Rebasing of Indices Project, বিবিএস।
১৬। প্রকল্প পরিচালক, পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক, জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, শ্রম শক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৯। প্রকল্প পরিচালক, টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্প (Literacy Assesment Survey -(LAS), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
২০। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান- প্রকল্প ২০১৯, বিবিএস, ঢাকা।
২১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প,বিবিএস।
২২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প, বিবিএস, ঢাকা।
২৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অর্থনৈতিক শুমারি ২০২৩, বিবিএস, ঢাকা।
**(কার্যবিবরণীতে উল্লেখিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভার কার্যপত্রে উল্লেখের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরের জন্য নির্ধারিত কার্যক্রম, বরাদ্দ, ব্যয় ও ব্যয়ের হার নির্ধারিত ছকে উল্লেখপূর্বক প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি আগামী ০৩-১০-২০২১ তারিখের মধ্যে প্রকল্প পরিচালকের স্বাক্ষরে উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।**
২৪। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (পরবর্তী উন্নয়ন প্রকল্পের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থাপনের নিমিত্ত আগামী ০৩-১০-২০২১ তারিখের মধ্যে উন্নয়ন-৩ অধিশাখায় অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পগুলোর অগ্রগতি প্রেরণের অনুরোধসহ)।
২৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২৬। Representative, UNICEF/UNFPA/WORLD BANK/ EUROPEAN UNION/FAO.

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। মাননীয় পরিকল্পনামন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা **(মাননীয় পরিকল্পনামন্ত্রীর সদয় অবগতির জন্য)**
২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।**
৩। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা **(ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।**

২০/৯/২০২১

জেসমীন আকতার
উপসচিব
☎ ৫৫০০৭৩৭৯

J:\Minitues in August-2021.doc